# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র

বিষয় কোড : ২ ৭ ৭

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ জনাব ইব্রাহিম মুন্সিগঞ্জ কোল্ড স্টোরেজ করেছেন। মৌসুমের সময় তিনি মুন্সিগঞ্জের বিভিন্ন এলাকা থেকে প্রতিনিধির মাধ্যমে আলু সংগ্রহ করেন ও বছরের বিভিন্ন সময়ে নিজস্ব পরিবহন ব্যবস্থার মাধ্যমে তা ঢাকার কাওরান বাজারসহ দেশের বড় বড় বিক্রয় কেন্দ্রে নিয়ে আড়তদারদের মাধ্যমে বিক্রয় করেন। আড়তদারদের নিকট থেকে ছোট ব্যবসায়ীরা কিনে তা সাধারণ গ্রাহকদের নিকট বিক্রয় করে।

ক. পুনঃরপ্তানি কী? ১

খ. প্রাথমিক শিল্প বলতে কী বোঝায়? ২

গ. জনাব ইব্রাহিম কোন ধরনের অভ্যন্তরীণ বাণিজ্যের সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব ইব্রাহিমের পণ্য বিনিময় সহায়ক কার্যাবলি ব্যবসায়ের গতিকে ত্বরান্বিত করে উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২. ▶ জনাব আরিফ রাজবাড়ীর বাসিন্দা। তিনি স্বল্প ও ন্যায্যমূল্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়ের জন্য ১৮ জন প্রতিবেশী নিয়ে একটি সমবায় সমিতি গঠন করলেন। সমিতি গঠনের পর নিবন্ধকের অফিসে নিবন্ধনের জন্য আবেদন করলেন। কিন্তু নিবন্ধক এ সমিতি নিবন্ধনে অসম্মতি প্রকাশ করলেন।

ক. প্রজনন শিল্প কী? ১

খ. সমবায়ে সম ভোটাধিকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব আরিফ কোন ধরনের সমবায় সমিতি গঠন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে নিবন্ধকের অসম্মতির কারণ যৌক্তিকতাসহ মূল্যায়ন করো। ৪

৩. ▶ জনাব রফিক গাজীপুরে একটি পোশাক কারখানা স্থাপন করেন। এখানে জমির মূল্য অপেক্ষাকৃত কম এবং পর্যাপ্ত দক্ষ শ্রমিক পাওয়া যায়। ফলে বিনিয়োগ কম করেও মুনাফার পরিমাণ বেশি হয়। তিনি দেখলেন তার কারখানার পার্শ্ববর্তী 'রংধনু' নামক

Teachingbd24.com

একটি পোশাক কারখানার শ্রমিকদের কাজের সময় ও কর্ম পরিবেশ নিয়ে শ্রম অসন্তোষ চলছে। মালিক পক্ষ 'রংধনু' নামক পোশাক কারখানাটি তালাবন্ধ ঘোষণা দেয়।

ক. পরিবেশ কী? ১

খ. সামাজিক পরিবেশ বলতে কী বোঝায়? ২

গ. পরিবেশের কোন উপাদান বিবেচনা করে উদ্দীপকের জনাব রফিক পোশাক কারখানা স্থাপন করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'রংধনু' পোশাক শিল্পে শ্রম অসন্তোষ ও তালাবন্ধকরণ ব্যবসায় পরিবেশের যে উপাদানের অন্তর্গত উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ করো। ৪

৪.▶মি. সৈকত একজন টেক্সটাইল ইঞ্জিনিয়ার। তার দক্ষতা ও অভিজ্ঞতার কারণে বিনা মূলধনে জহির, কামরুল ও মিজান তাকে অংশীদার করে নেয়। সৈকত, জহির ও কামরুল পরিচালনার অংশ নেয় কিন্তু মিজান পরিচালনায় অংশ নেয়নি। কিন্তু বছর শেষে সমান মুনাফা দাবি করে।

ক. অংশীদারি ব্যবসায়ের ন্যূনতম সদস্য সংখ্যা কত? ১

খ. অংশীদারি ব্যবসায়ের অংশীদারদের দায় অসীম ব্যাখ্যা করো। ২

গ. মি. সৈকত কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো মি. মিজান অন্যদের মতো সমান মুনাফা পাবে? যুক্তিসহ মতামত দাও। ৪

৫.▶কেয়া ও চৈতি পারস্পরিক সমঝোতার ভিত্তিতে দীর্ঘদিন ধরে একটি ফ্যাশন সপ পরিচালনা করছেন। ব্যবসায়ের ব্যাপক সাফল্য অর্জিত হওয়ায় তারা সদস্য সংখ্যা না বাড়িয়ে অসীম দায়ের সীমাবদ্ধতা দূর করে একটি বৃহদায়তন ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপনে আগ্রহী। এ বিষয়ে তারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য একজন আইনজীবীর পরামর্শ গ্রহণ করেছেন।

ক. সংঘবিধি কী? ১

খ. কোম্পানিকে কৃত্রিম ব্যক্তি সত্তার অধিকারী বলা হয় কেন? ২

গ. প্রাথমিক পর্যায় কেয়া ও চৈতি কর্তৃক স্থাপিত ব্যবসায় এর স্বরূপ কী ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. কেয়া ও চৈতি কীভাবে বৃহদায়তন ব্যবসায় গঠন করতে পারে? পরামর্শ দাও। ৪

https://teachingbd24.com

৬. ▶ দেশের অর্থ মুদ্রা বাজারে প্রায়ই বিশৃঙ্খলা লেগে আছে বলে দেশের অর্থনীতিতে বিরূপ প্রতিক্রিয়ায় সৃষ্টি হয়েছে। সরকার এরূপ সমস্যা সমাধানে বিশেষ ধরনের প্রতিষ্ঠান স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ফলে অর্থ ও মুদ্রা বাজারে সরকারের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়েছে।

ক. বিআরটিসি কী? ১

খ. রাষ্ট্রীয় ব্যবসায় স্থাপনের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ২

গ. কোন ধরনের প্রতিষ্ঠানের অভাবে দেশের অর্থ বাজারে বিশৃঙ্খলা লেগে আছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মুদ্রা বাজারে স্থিতিশীলতা রক্ষায় বিশেষায়িত প্রতিষ্ঠান স্থাপনে সরকারের সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৭. ▶ ঢাকা শহরে উচ্চস্বরে গাড়ির বিরক্তিকর হর্ণ বাজানোর ফলে প্রায়ই শিশুদের শ্রবণশক্তির সমস্যা দেখা দিচ্ছে। এছাড়া অনেক রোগীর অধিকতর অসুস্থতা দেখা দিচ্ছে। এ অবস্থা হতে মুক্তির জন্য সরকার আইন করলেও নিয়ন্ত্রণ করতে পারেনি।

ক. বায়ু দূষণ কী? ১

খ. পানি দূষণ বলতে কী বোঝায়? ২

গ. কোন সমস্যার কারণে শব্দ দূষণ কমছে না? ব্যাখ্যা করো। ৩

ঘ. আইনের সঠিক প্রয়োগই পারে শব্দ দূষণ বন্ধ করতে যথার্থতা ব্যাখ্যা করো। ৪

৮. ▶ মনির হোসেন চাকরি না খুঁজে ব্যবসায় শুরু করার সিদ্ধান্ত নেন। তিনি রামগঞ্জে নিজ বাড়ির আঙিনায় প্রাথমিকভাবে ২০০ মুরগি নিয়ে পোল্ট্রি ব্যবসায় শুরু করেন। দৃঢ় মনোবল, কঠোর পরিশ্রম আর দক্ষ নেতৃত্বের গুণে তিনি ব্যবসায়ে বেশ উন্নতি করেন। কিন্তু বার্ড ফ্লু দেখা দেওয়ায় তিনি বেশ লোকসানের সম্মুখীন হন। এ অবস্থা মোকাবিলায় তিনি একটি ব্যাংকের সহযোগিতা কামনা করেন।

ক. নারী উদ্যোক্তা কে? ১

খ. শিল্পোদ্যোক্তা বলতে কী বোঝায়? ২

গ. কোন পরিবেশের উপাদান মনির হোসেনের ব্যবসায়কে লোকসানের সম্মুখীন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংকের সহায়তা নিয়ে মনির হোসেনের ব্যবসায় সম্প্রসারণের যৌক্তিকতা মূল্যায়ন করো? ৪

https://teachingbd24.com

৯. ▶ আবরণী ডিপার্টমেন্ট স্টোর টেলিফোনে পণ্য দ্রব্যের অর্ডার গ্রহণ ও সরবরাহ করে থাকে। এ পদ্ধতিতে বিক্রয় পরিচালনায় করে প্রতিষ্ঠানটি বাজরে সুদৃঢ় অবস্থান তৈরি করতে সক্ষম হয়েছে। কিন্তু এ পদ্ধতিতে কোম্পানিটি নতুন নতুন ক্রেতা সৃষ্টিতে সক্ষম হচ্ছিল না। তাই ভোক্তা কেন্দ্রিক অনলাইন পদ্ধতি ব্যবহার করার কথা ভাবছে।

ক. ই-কমার্স কী? ১

খ. তথ্য যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয়তা কী? ২

গ. আবরণী ডির্পাটমেন্ট সেন্টার অনলাইনে কোন পদ্ধতিতে পণ্য দ্রব্য বিক্রয় করে থাকে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ভোক্তাকে আকৃস্ট করতে আবরণী ডিপার্টমেন্ট কোম্পানির অনলাইন ব্যবহারের সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক বলে তুমি মনে করো? ৪

১০. ▶ সূচনা ওয়াশিং প্ল্যান্ট তাদের কারখানার বর্জ্য সরাসরি শীতলক্ষ্যা নদীতে ফেলে দেন। ফলে নদীর পানি দূষিত ও জলজ প্রাণীর প্রচণ্ড ক্ষতি হচ্ছে। এ অবস্থা হতে উত্তরণের জন্য পরিবেশবাদীগণ সূচনাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানায়।

ক. সামাজিক দায়বদ্ধতা কী? ১

খ. ব্যবসায় নৈতিকতা বলতে কী বোঝায়? ২

গ. সূচনা ওয়াশিং প্ল্যান্ট কর্তৃক নদীতে বর্জ্য ফেলার কারণে কোন সামাজিক দায়বদ্ধতা পালনে ব্যর্থতা সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পরিবেশে উন্নয়নে সূচনা ওয়াশিং প্ল্যান্ট এর করণীয় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

১১. ▶ জনাব সেলিম একটি ব্যবসায় প্রতিষ্ঠানে চাকরি করে, যা দ্রব্যমূল্যের উর্ধ্বগতির সময় বাজার মূল্যের কম মূল্যে বাজারে পণ্য বিক্রয় করে। এতে জনগণ খুবই উপকৃত হয়। এ ব্যবসায় প্রতিষ্ঠান লাভের কথা ভাবেন। জনকল্যাণে এ প্রতিষ্ঠান ব্যবসায় পরিচালনা করে।

ক. BIMSTEC-এর পূর্ণ অর্থ কী? ১

খ. BSTI বলতে কী বোঝ? ২

গ. সেলিম কোন ব্যবসায় প্রতিষ্ঠানে কাজ করে? বর্ণনা দাও ৩

ঘ. 'জনকল্যাণে এ ব্যবসায় প্রতিষ্ঠান কাজ করে' মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড : ২ ৭ ৭

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ভোক্তা সাধারণের রুচি, পছন্দ ও ফ্যাশন কী দ্বারা প্রভাবিত হয়?
ক) প্রাকৃতিক পরিবেশ
খ) রাজনৈতিক পরিবেশ
গ) সামাজিক পরিবেশ
ঘ) অর্থনৈতিক পরিবেশ

২. মি. তাহের পারিবারিক পেশা ধরে রাখার জন্য তাঁত শিল্পের কাজ চালিয়ে যাচ্ছেন। তার কাজের মধ্যে সামাজিক পরিবেশের কোন উপাদানের প্রভাব পরিলক্ষিত হয়?
ক) নৈতিকতা খ) ঐতিহ্য
গ) শিক্ষা ঘ) মূল্যবোধ

৩. নমনীয়তার সুযোগ কোন ব্যবসায় প্রতিষ্ঠানে সবচেয়ে বেশি?
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) যৌথমূলধনী ঘ) সমবায় সমিতি

৪. একমালিকানা ব্যবসায়ের সুবিধা বর্হিভূত কোনটি?
ক) ঝুঁকির স্বল্পতা খ) ব্যক্তি সামর্থ্য
গ) দ্রুত সিদ্ধান্ত ঘ) কর্তৃত্ব ও নিয়ন্ত্রণ

৫. রনি, জনি ও সনি মিলে একটি বইয়ের দোকান দিলেন। সনি মূলধন দিলেও ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করেন না। সনি কোন ধরনের অংশীদার?
ক) সীমিত খ) প্রতিবন্ধ
গ) ঘুমন্ত ঘ) নামমাত্র

৬. নির্দিষ্ট কার্য শেষ হবার পর ব্যবসায় চলতে থাকলে তাকে কোন অংশীদারি সংগঠন বলে?
ক) সীমিত অংশীদারি সংগঠন
খ) বিশেষ অংশীদারি সংগঠন
গ) ঐচ্ছিক অংশীদারি সংগঠন
ঘ) সাধারণ অংশীদারি সংগঠন

৭. যে অংশীদার মূলধন বিনিয়োগ করে না কিন্তু সক্রিয়ভাবে ব্যবসায়ের কাজে অংশগ্রহণ করে। এ ধরনের অংশীদারকে কী বলে?
ক) সক্রিয় খ) কর্মী
গ) নামমাত্র ঘ) সীমিত

৮. মূল্যবোধ দ্বারা মানুষের কোনটি প্রভাবিত হয়?
ক) বিবেক খ) আচরণ
গ) জ্ঞান ঘ) যোগ্যতা

উদ্দীপকটি পড়ো এবং ৯ নং প্রশ্নের উত্তর দাও।

সিরাজ উদ্দিন খুলনায় ন্যায্য মুনাফা অর্জনের লক্ষ্যে চাঁপাইনবাবগঞ্জের বিভিন্ন বাগান থেকে সরাসরি রাসায়নিকমুক্ত আম সংগ্রহ করেন এবং ব্যবসায় হতে প্রচুর মুনাফা অর্জন করেছেন।

৯. সিরাজ উদ্দিন ব্যবসায় কোন বিষয়টির ওপর অধিক গুরুত্ব দিয়েছেন?
ক) মুনাফা অর্জন খ) কর্মসংস্থান
গ) মূল্যবোধ ঘ) সামাজিক দায়বদ্ধতা

১০. কোনটির কারণে মানুষ খাদ্য ভেজাল মিশ্রণ করে থাকে?
ক) নৈতিকতার অভাব খ) কর্মসংস্থান
গ) মূল্যবোধ ঘ) সামাজিক দায়বদ্ধতা

১১. মোবাইল ফোন, টেলিফোন, ইন্টারনেট ও ওয়্যারলেস নেটওয়ার্ককে কোন ধরনের প্রযুক্তি বলে?
ক) টেকনিক্যাল খ) আধুনিক
গ) টেলিকমিউনিকেশন ঘ) সনাতন

১২. IT-এর সাথে সম্পর্কিত যন্ত্র কী?
ক) সফটওয়্যার খ) মডেম
গ) টেলিফোন ঘ) সেলুল্যার ফোন

১৩. E-কমার্সের অন্তর্ভুক্ত বিষয়গুলো হচ্ছে—
i. ইন্টারনেট মার্কেটিং
ii. মোবাইল বাণিজ্য
iii. মজুদ ব্যবস্থাপনা পদ্ধতি

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. পাবলিক লি. কোম্পানিকে ন্যূনতম মূলধন সংগ্রহ করতে হয় কেন?
ক) শেয়ার বণ্টনের জন্য
খ) বিবরণপত্র প্রচারের জন্য
গ) নিবন্ধনপত্র প্রচারের জন্য
ঘ) কার্যারম্ভের পত্র সংগ্রহের জন্য

১৫. X ও Y দুটি কোম্পানি। X, Y দুটি কোম্পানির ৭৫% শেয়ার ক্রয় করে নিল। Y কোম্পানিকে কী নামে অভিহিত করা হবে?
ক) হোল্ডিং কোম্পানিং
খ) সাবসিডিয়ারি কোম্পানি
গ) বিধিবদ্ধ কোম্পানি
ঘ) বেসরকারি কোম্পানি

https://teachingbd24.com

১৬. উপবিধিতে উল্লেখ থাকে—
i. সমিতির নাম
ii. মূলধনের পূর্ণ বিবরণ
iii. উদ্যোক্তাদের নাম
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১৭. সমবায় সমিতি কোন আদর্শে অনুপ্রাণিত?
ⓚ একতা ⓛ সহযোগিতা
ⓜ সততা ⓝ সাম্য

১৮. PPP-এর পূর্ণরূপ কী?
ⓚ Public private Proportionate
ⓛ Public private progressive
ⓜ Public private partnership
ⓝ Public private programmer

১৯. রাষ্ট্রীয় ব্যবসায়ের বৈশিষ্ট্য হলো—
i. জনকল্যাণমুখী প্রতিষ্ঠান
ii. রাষ্ট্রীয় পরিচালনা ও নিয়ন্ত্রণ
iii. চিরন্তন স্থায়িত্ব
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২০. প্রাইভেট লিমিটেড কোম্পানির গঠনে ন্যূনতম কতজন প্রবর্তক থাকতে হয়?
ⓚ ২ জন ⓛ ৩ জন
ⓜ ৭ জন ⓝ ১০ জন

২১. বাংলাদেশে কত সালের সমবায় বিধিমালা চালু রয়েছে?
ⓚ ২০০১ ⓛ ২০০৪
ⓜ ২০১০ ⓝ ২০১৫

উদ্দীপকটি পড়ো এবং ২২ নং প্রশ্নের উত্তর দাও।
সাভারে নিজস্ব জমি থাকা সত্ত্বেও আইমান হবিগঞ্জে পাহাড়ি জমি লিজ নিয়ে উন্নতমানের আনারস চাষ করেছেন। এ কাজে তাকে স্থানীয় ২০ জন চাষি সহায়তা করেন।

২২. পরিবেশের কোন উপাদানের কারণে আইমান হবিগঞ্জে আনারস চাষে আগ্রহী হন?
ⓚ প্রযুক্তিগত ⓛ প্রাকৃতিক
ⓜ অর্থনৈতিক ⓝ সামাজিক

২৩. বাংলাদেশে গার্মেন্টিস শিল্প ব্যাপকভাবে গড়ে ওঠার পিছনে কারণ হলো—
i. ব্যবসায়ীদের দক্ষতা
ii. সস্তা শ্রম
iii. মূলধনের প্রাচুর্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

২৪. বই লেখকের অধিকার রক্ষায় নিচের কোন আইন নিশ্চয়তা দেয়?
ⓚ কপিরাইট আইন ⓛ ট্রেডমার্ক আইন
ⓜ বিমা আইন ⓝ পেটেন্ট আইন

উদ্দীপকটি পড়ো এবং ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
চলচ্চিত্রকার আমির হোসেন দেশের সিনেমা হলের মালিকানাদের সাথে চুক্তি করেন। তার নির্মিত সিনেমাটি প্রদর্শিত হবার পর তিনি বেশ লাভবান হলেন।

২৫. উদ্দীপকের আমির হোসেন কী ধরনের চুক্তি করেন?
ⓚ পেটেন্ট ⓛ ট্রেডমার্ক
ⓜ কপিরাইট ⓝ লাইসেন্স

২৬. ক্ষুদ্র ও কুটির শিল্পের সম্প্রসারণে বিশেষায়িত সরকারি প্রতিষ্ঠান কোনটি?
ⓚ ইপসিক ⓛ বিসিক
ⓜ বিডিবিএল ⓝ বাণিজ্যিক ব্যাংক

২৭. জাহেদ রংপুরে ব্যবসায় স্থাপন করে কর অবকাশ সুবিধা পেলেন। এটি জাহেদের ব্যবসায়ের জন্য কোন ধরনের সহায়তা?
ⓚ উদ্দীপনামূলক ⓛ সংরক্ষণমূলক
ⓜ সমর্থনমূলক ⓝ প্রণোদনামূলক

২৮. সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাণিজ্য বৈষম্য দূর করার জন্য কোন চুক্তি স্বাক্ষরিত হয়?
ⓚ গ্যাট ⓛ ন্যাটো
ⓜ সাপটা ⓝ আসিয়ান

২৯. ISO-এর প্রধান অফিস কোথায় অবস্থিত?
ⓚ নিউইয়র্ক ⓛ জেনেভা
ⓜ ইংল্যান্ড ⓝ টোকিও

৩০. শেয়ার থেকে প্রাপ্ত আয়কে কী বলে?
ⓚ লভ্যাংশ ⓛ সুদ
ⓜ পুঁজি ⓝ আয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com